W : www.bngkolkata.com | E : bngkolkata@yahoo.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

## কলকাতার ১১৪টি আইটি কোম্পানিতে

# AI বেসড সফটওয়্যার ডেভেলপিংয়ে ৫৪,৩২১ চাকরি

**পল্লবী দেওয়ান, সল্টলেক** : কলকাতার ১১৪টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ৫৪,৩২১ জন AI বেসড সফটওয়্যার ডেভেলপার লাগবে। B.Sc. / B.Tech / BCA / Diploma ইঞ্জিনিয়ারিং পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। এছাড়াও, M.Sc. / M.Tech / MCA পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। সায়েন্স গ্র্যাজুয়েট / পোস্ট গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে সঙ্গে লাগবে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং। এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। ওই সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জানুয়ারি - মার্চ) এইক্ষেত্রে রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৮২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে প্রযুক্তি নির্ভর পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় যেকোনো সফটওয়্যার ডেভেলপ করতে সবচেয়ে বেশি যেটার প্রয়োজন, সেটি হল 'Hybrid Intelligence'. আর তা হয় একটি উন্নতমানের Coding Ecosystem' ডেভেলপ করার জন্য। যার কোডিং ডেটাবেস যত বেশি সফটওয়্যার ফ্রেন্ডলি, তার অ্যাপ বা ওয়েবসাইট তত বেশি জনপ্রিয়। সত্যি কথা বলতে কি, আজকের সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে শুধুমাত্র কোড লেখা জানলেই চলে না, এখন দরকার এমন একজন ডেভেলপার যিনি Generative AI ও Agentic AI ব্যবহার করে বাস্তব সমস্যার চটজলদি সমাধান করতে পারে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই রাজ্যের সবচেয়ে অ্যাডভান্সড AI পাওয়ারড ফুল-স্ট্যাক ডেভেলপমেন্ট কোর্স করানো হয়। অর্থাৎ, এখানে কোম্পানিরা সফটওয়্যার ডেভেলপারদের থেকে ঠিক যা চাইছে তা শেখায়। (২) এখানে OpenAI, Anthropic-এর API ব্যবহার করে AI Powered Application তৈরি করা বা RAG সিস্টেম ডিজাইন করা বা AI Agent তৈরি করে Function Calling ও Tool Integration করা শেখানো হয়। এছাড়াও, Chatbot, Content Generator, Code Assistant এর মতো 'ইন ডিমান্ড' AI ফিচার শেখানো হয় — যা এখানকার ট্রেনিদের বড় বড় বহুজাতিক সংস্থায় ইন্টারভিউ ক্র্যাক করতে বিশেষভাবে সুবিধা দেয়। (৩) এখানে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ২টি বিশেষ প্রোগ্রাম শেখানো হয়। একটি হল **MERN Stack with GenAI Master Class** (এটি ৯ মাসের কোর্স; ১০৮টি ক্লাস; ২১৬ ঘন্টার). আরেকটি হল **Advanced MERN Stack** (এটি ৬ মাসের কোর্স; ৭২টি ক্লাস)। এখানে সফটওয়্যার ডেভেলপিংয়ে মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ বিভিন্ন ধরনের 'কোডিং ইকোসিস্টেম' এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। এখানকার **MERN Stack with GenAI Master Class** কোর্সে মূলত **HTML5, CSS3, Responsive Design, Javascript, React.js, Next.js, GenerativeAI, RAG Systems, AI Agents, Multimodal AI, AI-Powered, SaaS** ইত্যাদির ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আবার **Advanced MERN Stack** কোর্সে মূলত **Node.js, Express.js, MongoDB, Security, Cloud Deployment, REST API, JWT Authentication, Docker, Docker Compose** ইত্যাদির ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। যা এখানকার ট্রেনিদের যেকোনো মাল্টি ন্যাশনাল কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করতে আলাদাভাবে মাইলেজ দেয়। (৪) একমাত্র এখানেই অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৫) একমাত্র এখানেই AI বেসড সফটওয়্যার ডেভেলপিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে কাজ শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে AI Prompting Tools এর ব্যবহার, দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এখানকার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (৮) এখানে সেরা সেরা **AI Software Developer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) সফটওয়্যার ডেভেলপিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা সফটওয়্যার ডেভেলপার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১০) এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,২০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৩,০০০ চাকরি হয়।**

# JIS-এদেশের অন্যতম সেরা গুণমান সম্পন্ন কৃষি শিক্ষা



ড. সুকান্ত দাশগুপ্ত
ডিন (এগ্রিকালচার),
JIS ইউনিভার্সিটি

পরিবর্তনশীল কৃষি ব্যবস্থায় প্রয়োজন দক্ষ কৃষিবিদ ও গবেষকের। তাই এখন কৃষিক্ষেত্রে কাজের সুযোগ আগের থেকে অনেকটাই বেড়েছে। একথা মেনে নিতেই হবে, বর্তমান সময়ে দাঁড়িয়ে কৃষি শুধুমাত্র খাদ্য উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ নয়। এটি আধুনিক প্রযুক্তি, উদ্ভাবন ও গবেষণার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিসর। তাই এই পরিবর্তনশীল কৃষি ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে দক্ষ কৃষিবিদ, গবেষক গড়ে তোলার লক্ষ্যে রাজ্যের নদীয়া জেলার কল্যাণীতে, জেআইএস ইউনিভার্সিটির ফ্যাকাল্টি অব এগ্রিকালচার নিরলসভাবে কাজ করে চলেছে। এই অত্যন্ত জনপ্রিয় শিক্ষাপ্রতিষ্ঠানে 'এগ্রিকালচার বিভাগে' ছেলেমেয়েদের জন্য রয়েছে আধুনিক ও মনোরম শিক্ষার পরিবেশ, সুসজ্জিত শ্রেণিকক্ষ, আধুনিক গবেষণাগার আর অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকমণ্ডলী। এখানে ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ICAR)-এর ষষ্ঠ ডিন কমিটির নির্দেশিকা মেনে পড়ানো হয়, যা ছেলেমেয়েদের জাতীয় মানসম্পন্ন কৃষি শিক্ষা অর্জনে সাহায্য করে। শুধুমাত্র ক্লাসরুমের শিক্ষার মধ্যেই সীমাবদ্ধ না থেকে, জেআইএস ইউনিভার্সিটি, শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেয়। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব চাষযোগ্য জমিতে বিভিন্ন ফসলের (সবজি, ফল, ডালশস্য ইত্যাদি) চাষাবাদ, মাটি ও জল বিশ্লেষণ, উদ্ভিদ প্রজনন, কীটপতঙ্গ ও রোগ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে নিয়মিত ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এছাড়াও শিক্ষার্থীদের বর্তমান কৃষি পরিস্থিতির সঙ্গে পরিচয় করিয়ে দিতে বিভিন্ন কৃষি খামার, কৃষি গবেষণা কেন্দ্র, কৃষি-ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান এবং কৃষি বিজ্ঞান কেন্দ্রে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা আছে। এসব কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীরা কৃষিক্ষেত্রের আধুনিক প্রযুক্তি, উদ্ভাবনী চাষপদ্ধতি এবং কৃষি উদ্যোক্তা উন্নয়নের বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়। বিশ্ববিদ্যালয়ের সুসজ্জিত পরীক্ষাগারে শিক্ষার্থীরা মাটি বিজ্ঞান, কৃষি রসায়ন, উদ্ভিদ রোগতত্ত্ব, কৃষি অণুজীববিজ্ঞান, উদ্ভিদ প্রজনন ও জৈবপ্রযুক্তি সম্পর্কিত বিভিন্ন পরীক্ষামূলক কার্যক্রমে ধারাবাহিকভাবে অংশগ্রহণ করে। এর ফলে তাদের গবেষণামূলক চিন্তাভাবনা এবং সমস্যা সমাধানের দক্ষতা বৃদ্ধি পায়। এই বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার বিভাগ শিক্ষার্থীদের সার্বিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন সেমিনার, কর্মশালা, বিশেষজ্ঞ বক্তৃতা, কৃষি প্রদর্শনী ও প্রশিক্ষণ কর্মসূচিরও আয়োজন করে। এর মাধ্যেম শিক্ষার্থীরা দেশের খ্যাতনামা বিজ্ঞানী, গবেষক ও কৃষি বিশেষজ্ঞদের সঙ্গে মতবিনিময়ের সুযোগ পায় ও কৃষির সাম্প্রতিক অগ্রগতি সম্পর্কে আপ-টু-ডেট থাকে। একথা বলতেই হয় যে বর্তমানে কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের সম্ভাবনা দিন দিন বাড়ছে। কৃষি গবেষণা, কৃষি সম্প্রসারণ, কৃষি সম্পর্কিত ব্যবসা, কৃষি প্রযুক্তি, উদ্যানতত্ত্ব, বীজ শিল্প, খাদ্য প্রক্রিয়াকরণ ও কৃষি উদ্যোক্তা হিসেবে নিজস্ব কর্মসংস্থান গড়ে তোলার ক্ষেত্রে কৃষি শিক্ষার্থীদের জন্য রয়েছে উজ্জ্বল ভবিষ্যৎ। জেআইএস ইউনিভার্সিটির ফ্যাকাল্টি অব এগ্রিকালচার সেই ভবিষ্যতের উপযুক্ত শিক্ষার্থী গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। আধুনিক কৃষি শিক্ষার মাধ্যেম দক্ষ, উদ্ভাবনী ও সমাজমুখী কৃষি পেশাজীবী তৈরির ক্ষেত্রে জেআইএস ইউনিভার্সিটির ফ্যাকাল্টি অব এগ্রিকালচার আজ একটি উল্লেখযোগ্য নাম। জ্ঞান, গবেষণা, প্রযুক্তি ও বাস্তব অভিজ্ঞতার সমন্বয়ে এই প্রতিষ্ঠান কৃষি শিক্ষাকে নতুন উচ্চতায় পৌঁছে দিতে অগ্রণী ভূমিকা পালন করছে।

# বিমানবাহিনীতে 'অগ্নিবীর বায়ু'

১ পাতার পর

পেয়ে থাকতে হবে।

ইংরিজি ও অঙ্ক বিষয় নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

**সায়েন্স ছাড়া অন্য শাখার প্রার্থীদের জন্য :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

ইংরিজি বিষয় নিয়ে ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৫ থেকে ১-১-২০১০'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২.৫ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। মেয়েদের বেলায় শুধুমাত্র বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/১২ যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য থাকা দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে, ২২ ও ২৩ সেপ্টেম্বর। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সায়েন্স ব্যাকগ্রাউন্ড প্রার্থীদের বেলায় ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক।

নন-সায়েন্স প্রার্থীদের বেলায় ৪৫ মিনিটের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। যাঁরা দুটি ক্ষেত্রেই পরীক্ষা দেবেন তাঁদের বেলায় ৮৫ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস।

প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড় আর মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়তে হবে। এছাড়াও ছেলেদের বেলায় ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস আর মেয়েদের বেলায় ১০ বার সিট আপ ও ১৫ বার স্কোয়াটস। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-। ও অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-।। হবে। তারপর গ্রুপ বা, ট্রেড টেস্ট আর মেডিক্যাল টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই। ফেজ-।'এর অ্যাডমিট কার্ড পরীক্ষার ৪৮-৭২ ঘন্টা আগে ই-মেল আই.ডি.'তে পাঠানো হবে।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এয়ারমেন সিলেকশন সেন্টারে আগামী বছর মে'র প্রথম সপ্তাহে। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জুলাই থেকে ২৬ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://www.iafrecruitment.edcil.co.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচে বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং-এ জমা দেবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 011-25694209 /25699606.

# ডিজিটাল মার্কেটিংয়ে ৬১,৩০৮ চাকরি

১ পাতার পর

এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২৫০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে জুন থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৬০টির ওপর আইটি কোম্পানিতে ৬১,৩০৮ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে।' অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৭০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

# সামনের ৬ মাসে কলকাতার ফার্মা সেক্টরে ১২,৩২২ মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ নিয়োগ

**সুব্রত সেন, কলকাতা :** দেশের বিখ্যাত জব কনসালটেন্ট naukri.com সম্প্রতি 'বেসরকারি ক্ষেত্রে সবচেয়ে বেশি কর্মসংস্থান হচ্ছে কোন সেক্টরে' এই ব্যাপারে একটি রিভিউ করে। তাতে দেখা গেছে, ফার্মাসিউটিক্যাল সেক্টরে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। একটি তথ্য দিলে ব্যাপারটি আরো পরিষ্কার বোঝা যাবে। দেখা গেছে, সারা দেশ জুড়ে মোট বেসরকারি চাকরির ৩৫% (বেশিরভাগটাই) ফার্মাসিউটিক্যাল সেক্টরে। আর এই রাজ্যে সেই অনুপাত প্রায় ৪৫%। আবার ওই সমীক্ষাতেই দেখা গেছে, গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের কাছে সবচেয়ে বেশি 'এমপ্লয়েবল সেক্টর' হিসাবে একদম ওপরের দিকে রয়েছে ফার্মা ইন্ডাস্ট্রি। তাঁদের কাছে কেরিয়ার হিসাবে অনেক বেশি গুরুত্ব পাচ্ছে 'মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ' (MR) হওয়া। কেন? উত্তরে রাজ্যের অন্যতম সেরা ফার্মাসিউটিক্যাল প্রতিষ্ঠান Endeavour পরিচালকমণ্ডলী অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু তথ্য তুলে ধরলেন — "(১) সম্প্রতি স্টেট মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ অ্যাসোসিয়েশনের রিভিউ মিটিং-এ রাজ্যের সেরা প্রতিষ্ঠানের যে তালিকা তৈরি করা হয়েছে তাতে একদম উপরের দিকে রয়েছে আমাদের এই প্রতিষ্ঠান। MR বা মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ ট্রেনিংয়ের ব্যাপারে আমরা রাজ্যের মধ্যে অন্যতম সেরা। (২) এটা আমরা সবাই জানি, এই কোর্সের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের সঙ্গে রাজ্যের ও দেশের প্রথম সারির ড্রাগস ল্যাবরেটরিগুলির স্পেশাল ইন্ডাস্ট্রিয়াল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৩) এই কলেজের প্লেসমেন্ট সেল অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের ও দেশের সেরা সেরা ফার্মাসিউটিক্যাল কোম্পানির সঙ্গে যোগাযোগ রাখে। যার ফলে এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (৪) আমাদের ইনস্টিটিউটের ফ্যাকাল্টিরা বেশিরভাগই ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রির প্রথম সারির কোম্পানির সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত। ফলে আমাদের ট্রেনিং হয় অত্যন্ত উচ্চমানের। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, ছেলেমেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্কিলড স্পেশালাইজড ট্রেনিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম প্রতিষ্ঠানেই আছে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের ফার্মাসি ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে।" একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে 'মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ' (MR) ট্রেনিংয়ের এত ভালো প্রফেশনাল ইনস্টিটিউট রাজ্যের মধ্যে আর নেই বললেই চলে। তাই গ্র্যাজুয়েট পাশ করে বাড়িতে বসে না থেকে এই বছরের মধ্যেই এই ট্রেনিং নিয়ে কীভাবে ভালো মাইনের চাকরি পাওয়া যায় তা জানতে ফ্রি কাউন্সেলিং-এর জন্য যোগাযোগ করুন এই নম্বরে 8444922221.

**গ্র্যাজুয়েট যোগ্যতায় ৩ মাসের মধ্যে হ্যান্ডসাম ইনসেন্টিভ সহ ভালো মাইনের সুনিশ্চিত চাকরি পাওয়ার সবচেয়ে নির্ভরযোগ্য ট্রেনিং প্রতিষ্ঠান। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।**

নতুন সরকার, চাকরির নতুন সুযোগ!!
All India Institute of Local Self Government, Mumbai অনুমোদিত ও সরকার স্বীকৃত
Sanitary Inspector
ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে
যোগ্যতা : SI (H.S & Computer Basic)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।
এখানে CMS & ED কোর্স করানো হয়
2025-26 বর্ষে 4 জন রেলে ও 32 জন পুর নিগমে চাকরি পেয়েছে
IIHT www.iiht.in (11 AM to 4 PM)
226 B. B. Ganguly Street Bowbazar, Kol-12
9836396734, 7003224427, 9831774517, 9051260924

# বিমা সংস্থায় ৫৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কোন রাজ্যে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল ইংলিশ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড- ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (৪) কম্পিউটার নলেজ- ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। এরপর হবে রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজ টেস্ট। সফল হলে কম্পিউটার দক্ষতার পরীক্ষা ও ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, সিকিম, ঝাড়খন্ড, বিহার, ত্রিপুরা, ওড়িশা। কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে ২৩ জুন থেকে ৬ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। পরীক্ষা ফী বাবদ ৯৪৪, মহিলা ও তপশিলী হলে ৭০৮ ও প্রতিবন্ধী হলে ৪৭২ টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ইন্টারনেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ওয়ালেটে। সব শেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://www.newindia.co.in, https://bfsissc.com

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH
INC, WBNC & WBUHS স্বীকৃত


Courses Offered
B.Sc নার্সিং 60 Seats (4 Years)
GNM নার্সিং 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year.

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষা কি প্রতি বছরই হয়? কত শূন্যপদ পূরণ করা হয়? অ্যাপিয়ার্ড প্রার্থীরা ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দিতে পারে কি? ২০২৫ সালের যে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে, তাতে বয়স কত তারিখের হিসাবে গুণতে হবে? এই পরীক্ষার বয়স, শিক্ষাগত যোগ্যতা, সিলেবাস জানাবেন। — শম্পা দাস, দেবপুকুর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

■■ এবার থেকে প্রতি বছরই ডব্লু.বি.সি.এস. পরীক্ষা নেওয়া হবে। সাধারণত ৪০০-৫০০ শূন্যপদ থাকে। তবে এই সংখ্যা বাড়তে-কমতে পারে। অ্যাপিয়ার্ড প্রার্থীরা পরীক্ষা দিতে পারে না। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪১ বছরের মধ্যে আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৪১ বছরের মধ্যে আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪৪ বছরের মধ্যে। ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন।

লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি (জেনারেল ইন্টেলিজেন্স)।

'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১,২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিকাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘণ্টা। প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

■ *মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — স্নেহাংশু দত্ত, বেনাচিতী, দুর্গাপুর।*

■■ এখনো প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস.'এর যে প্রিলিমিনারি পরীক্ষা ১৪ জুন হল, তাতে কাট অফ নম্বর কত হতে পারে? ফল কবে বেরোবে? মেনস পরীক্ষা কবে হতে পারে? এবার পরীক্ষার্থীর সংখ্যা কত? — প্রিতম দাস, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

■■ কাট অফ নম্বর কত হবে তা এখনই বলা সম্ভব নয়। তবে আগের কয়েক বছরের কাট অফ নম্বর বিশ্লেষণ করলে বলা যেতে পারে কাট অফ নম্বর জেনারেল, ও.বি.সি.-এ ক্যাটেগরি আর ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীদের ১২৫ -থেকে ১৩৫'এর মধ্যে থাকতে পারে। তপশিলী জাতির প্রার্থীদের ১২০ থেকে ১২৫'এর মধ্যে আর তপশিলী উপজাতির প্রার্থীদের ১০০ থেকে ১০৫'এর মধ্যে। ফল কবে বেরোবে তা এখনই জানানো সম্ভব নয়। তবে আশা করা যায়, এবছরই মেনস পরীক্ষা হয়ে যাবে। এবারের প্রিলি পরীক্ষায় প্রার্থীর সংখ্যা ১ লাখের কিছু বেশি ছিল।

■ *অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) পদের ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছিল অনেক আগে। এখনো অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়নি। কবে দরখাস্ত নেওয়া শুরু হবে? আদৌ কি দরখাস্ত নেওয়া হবে? পরীক্ষার সিলেবাস কি বদল হবে? — দেবায়ন চৌধুরী, বর্ধমান, পূর্ব বর্ধমান।*

■■ এই পদের দরখাস্ত নেওয়া হবে। তবে এখনো ঠিক হয়নি। রাজ্য সরকারের বেশ কিছু পরীক্ষার পরীক্ষা পদ্ধতি বদল হতে পারে। এখনো পি.এস.সি.'র নতুন চেয়ারম্যান নিযুক্ত হয়নি। খুব শিগগিরই নতুন চেয়ারম্যান নিয়োগ করে নিয়োগে গতি আনা হবে।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — কৃষ্ণেন্দু ঘোষ, বাঁকুড়া। তাপস বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## স্কুল সার্ভিসের

■ *কর্মশিক্ষার শিক্ষক পদের জন্য কেমন যোগ্যতা লাগে? ইংরিজিতে ডিগ্রি কোর্স করেছি। তারপর বি.এড. করেছি। এখন যদি এন.এস.ও.ইউ. থেকে টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের সার্টিফিকেট কোর্স করি, তাহলে কর্মশিক্ষা বিষয়ের জন্য যোগ্য কি? — রাকেশ ঘোষ, টাকি রোড, বারাসাত, উত্তর ২৪ পরগনা। সৌমিতা ভুঁইয়া, গড়ময়না, ময়না, পূর্ব মেদিনীপুর।*

■■ কর্মশিক্ষার শিক্ষক পদের জন্য নিচের যে কোনো ১টি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য :

(ক) ইউ.জি.সি.'র স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ন্যাশনাল কাউন্সিল অফ টিচার্স এডুকেশন (এন.সি.টি.ই.) /আর.সি.আই.'এর স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট বেসিক ট্রেনি (পি.জি.বি.টি.) কোর্স কিংবা এন.সি.টি.ই./আর.সি.আই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ওয়ার্ক এডুকেশন্ মেথড বিষয় হিসাবে নিয়ে বি. এড. কোর্স পাশ হলে যোগ্য।

(খ) আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ইউ.জি.সি. স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা, ইউ.জি.সি. স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে আর্ট অ্যান্ড ক্র্যাফটের ডিপ্লোমা / ডিগ্রি কিংবা টেলারিংয়ের ডিগ্রি / ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ইউ.জি.সি. স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা, ইউ.জি.সি. স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন প্রতিষ্ঠান থেকে টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের (অন্তত ২ বছরের কোর্স) ডিপ্লোমা /ডিগ্রি কোর্স পাশ হলে আবেদনের যোগ্য।

(ঘ) ইউ.জি.সি.'র কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হোম সায়েন্স /অ্যাগ্রিকালচারের ডিগ্রি কিংবা কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি /সফটওয়্যার সিস্টেমের ডিগ্রি (বি.এসসি.) কোর্স পাশরা আবেদনের যোগ্য।

(ঙ) ইউ.জি.সি.'র স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে ভিশুয়াল আর্টস বা, পারফর্মিং আর্টসের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য।

(চ) ইউ.জি.সি.'র স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে আবেদনের যোগ্য।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের ফল কবে বেরোবে? — সোনালি চক্রবর্তী, খড়দহ বোসপাড়া, থানা রোড, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল বেরোতে দেরি আছে।

## পুলিশে চাকরির

■ *শোনা যাচ্ছে, পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে শূন্যপদ আছে ১৫,৫০০টি। ২০২৪ সালের কনস্টেবল পদের যে ইন্টারভিউ হয়েছে, তার যে ফল বেরোবে সেই শূন্যপদ কি এখান থেকে নেওয়া হবে না, ১৫,৫০০টি শূন্যপদ পরের বারের বিজ্ঞাপন থেকে নেওয়া হবে? — প্রশান্ত রায়, দক্ষিণ দাঙ্গা পাড়া, পাটকিডাহা, ধূপগুড়ি, জলপাইগুড়ি।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে যে ১৫,৫০০টি শূন্যপদ আছে, তা পূরণ করা হবে ২০২৪ সালের কনস্টেবল পদের পরীক্ষা থেকে।

■ *রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষায় কী কী বিষয় থাকে জানাবেন। এবছর বিজ্ঞপ্তি কবে বেরোতে পারে? — সামিম আহমেদ, খড়িবাড়ি, শাসন, উত্তর ২৪ পরগনা।*

■■ রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছরই বেরোবে। এই পদের বেলায় প্রার্থী বাছাই হয় ৪টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হয়। তাতে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা। সব শেষে হবে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) জেনারেল স্টাডিজ- ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন ও বুকের ছাতি দেখা হবে। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড় আর রূপান্তর কামীদের বেলায় ১ মিনিট ৪০ সেকেন্ডে ৪০০ মিটার দৌড়। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘণ্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘণ্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘণ্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক পেপারের প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ও নেপালী ভাষায়।

## প্রাইমারির

■ *২০১০ সালের ২ মার্চ উত্তর দিনাজপুর জেলায় প্রাথমিক শিক্ষক পদে জয়েন করেছি। তখন 'টেট' বলে কিছু ছিল না। আমাদেরও কি 'টেট' পাশ করতে হবে? — মানিক হাঁসদা, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

■■ হ্যাঁ, সব প্রার্থীদেরই 'টেট' পাশ করতে হবে।

■ *'সি-টেট' পাশ করেছি। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের যে টেট হয়, সেখানে 'সি-টেট' পাশদের 'টেট'এ ছাড় দেওয়া হবে কি? না আবার নতুন করে 'টেট' দিয়ে সফল হতে হবে? — কৌশিক অধিকারী, রামকৃষ্ণপল্লী, বাবুরহাট, কোচবিহার।*

■■ 'সি-টেট' পাশদের রাজ্য সরকার গুরুত্ব দেবে। অর্থাৎ, সি-টেট'এ সফল হলে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নেওয়া 'টেট' দিতে হবে না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ন্যাশনাল ইনফমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| নৌবাহিনীতে অগ্নিবীর | মাধ্যমিক পাশ | - | ২৯-৬-২৬ | https://joinindiannavy.gov.in |
| BRO- তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৯৯ | ২-৭-২৬ | www.bro.gov.in |
| DSSSB-এর মাধ্যমে শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট | ITI, HS গ্র্যাজুয়েট | ১,৯৭৯ | ১৫-৭-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রেলে টেকনিশিয়ান | মাধ্যমিক, ITI | ৬,৫৬৫ | ৩০-৬-২৬- ২৯-৭-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| NSOU-তে ভরতি | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | - | ৩০-৬-২৬ | www.wbnsou.ac.in |
| BSNL-এ টেলিকম অফিসার | গ্র্যাজুয়েট | ১০০ | ৩-৭-২৬ | www.externalexam.bsnl.co.in |
| পঞ্চায়েতে পিওন, অপারেটর অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত কর্মী, অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট | ১১,০০০ | - | শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| CAPF (Asst. Commandant) | ১৯ জুলাই | www.upsconline.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার | প্রিলি. পরীক্ষা | আগস্টে |

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে কর্মসংস্থান কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে কর্মসংস্থান থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/ Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

## এয়ারফোর্সে মেডিক্যাল কর্মী

১ পাতার পর

মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সরাসরি র‍্যালিতে অংশ নিতে পারবেন। ওইসব বিষয় নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৬ থেকে ১-৭-২০১০'এর মধ্যে।

মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট (উইথ ডিপ্লোমা / বি.এসসি. ইন ফার্মাসি) : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বিবাহিত ও অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর সেইসঙ্গে রাজ্য ফার্মাসি কাউন্সিল বা, ভারতীয় ফার্মাসি কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ফার্মাসির বি.এসসি. কোর্স পাশ কিংবা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। অবিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। বিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/৩৬, যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা থাকতে হবে CP-II.

৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে মূল মাইনে ২৬,৯০০ টাকা পাবেন। এই পদ থেকে মাস্টার ওয়ারেন্ট অফিসার পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাই পরীক্ষা : প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, অ্যাডাপটাবিলিটি টেস্ট-।, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে।

অনলাইন টেস্ট হবে ২২ ও ২৩ সেপ্টেম্বর। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও.জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ৪৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের অ্যাডাপটাবিলিটি টেস্ট-। দিতে হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়তে হবে। এছাড়াও ২০ বার ওঠবোস, ১০ বার সিট আপ ও ১০ বার পুশআপ দিতে হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে ইন্টারভিউ / ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ব্যারাকপুরের ৪নং এয়ারমেন সিলেকশন সেন্টারে। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.airmenselection.cdac.in পরীক্ষার দিন জুতো, প্যান্ট ইত্যাদি সরঞ্জাম নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জুলাই থেকে ২৬ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iafrecruitment.edcil.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন ১০ থেকে ৫০ কে.বি'র মধ্যে। এবার পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে দিতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। আরো বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ০১১-২৫৬৯৪২০৯, ২৫৬৯৯৬০৬.

## পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার উইমেন ইউনিভার্সিটি স্বীকৃত

# মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা (D.M.L.T) কোর্স করে সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ ও ১০০% কেরিয়ারের সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বতাবতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট-লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ,

## বারাসাতে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে বারাসাতেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ২৩ ও ২৪ জুন, মঙ্গলবার ও বুধবার উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত শহরের বারাসাত-ব্যারাকপুর রোডে কৃষ্ণা-কাবেরী গার্ডেনের এ.সি ব্যাঙ্কোয়েট হলে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।

২৩ ও ২৪ জুন বারাসাতে 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে : (১) রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) চিংকারা ইউনিভার্সিটি, (৪) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৫) কল্যাণী প্রাইভেট আই.টি.আই, (৬) জে.ডি.এস. প্রাইভেট আই.টি.আই, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) নৈহাটি প্রাইভেট আই.টি.ই, (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) এক্সেল মেডিস্কিল, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) সি.আই.এইচ.এম, (১৩) এনডেভর স্কুল অফ প্রফেশনাল এডুকেশন, (১৪) ফাস্ট ট্র্যাক অ্যাকাডেমি, (১৫) এরিনা মাল্টিমিডিয়া, বারাসাত, (১৬) সিকিম গ্লোবাল টেকনিক্যাল ইউনিভার্সিটি, (১৭) এস.এস.কে.এম কলেজ অফ ফার্মাসি, (১৮) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৯) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২০) জে.এন.এম.এস, (২১) ইনোটেক এডুহাব, (২২) এম.ভি.এস.সি.সি, (২৩) কলেজ ভাইব, (২৪) ইনস্টিটিউট অফ অ্যাকাডেমি এক্সেলেন্স, (২৫) অ্যাঞ্জেল ডে স্কুল অফ নার্সিং, (২৬) ক্যাফে এডুকেশন, (২৭) ভিশন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভি.আই.এম.টি), (২৮) চাকরিজীবী, (২৯) এলিট কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, (৩০) এন.আই.এইচ.টি, (৩১) সি.আই.এইচ.এম, (৩২) মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার, (৩৩) স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি, (৩৪) অ্যাম্বিশন এডুকেয়ার, (৩৫) ভিএলসিসি স্কুল অফ বিউটি, (৩৬) মুখার্জী ম্যানেজমেন্ট কন্সালট্যান্সি (এম.এম.সি)।

## ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ২৫

১ পাতার পর

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা অঙ্কের মাস্টার্স ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সব ক্ষেত্রে ২০২৪, ২০২৫ বা, ২০২৬'এর 'গেট'এ অন্তত ৫০% স্কোর করে থাকতে হবে। শূন্যপদ: কম্পিউটার সায়েন্স /ইনফরমেশন টেকনোলজি ১০টি, ইলেক্ট্রনিক্স / কমিউনিকেশন /টেলিকমিউনিকেশন ১০টি, ডাটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স -৩টি, অঙ্ক ১টি, সিভিল ইঞ্জিনিয়ারিং-১টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১২-৭-২০২৬'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মাইনে মাসে ১,৩০,০০০ টাকা।

'গেট' স্কোরে পাওয়া নম্বর দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2026.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে, সাধারণ 'A-4' মাপের কাগজে। ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : www.cabsec.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট বা, সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) 'গেট' স্কোর কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৩) কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৪) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো। দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে, পৌঁছনো চাই ১২ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : Post Bag No. 001, Lodhi Road Head Post Office, New Delhi-110 003.

# সাধারণ মধ্যবিত্ত পরিবার থেকে কীভাবে আমি ম্যানেজমেন্টের ঈর্ষণীয় মাইনের চাকরি পেলাম


কুহেলী দত্ত
HR এক্সিকিউটিভ

এক সাধারণ মধ্যবিত্ত পরিবারের মেয়ে আমি। প্রথমে বি.টেক করি। তারপরে অনেক জায়গায় ইন্টারভিউ দিই। কেউ 'আমাকে রিজেক্ট করে'; কাউকে 'আমি রিজেক্ট করি'। কিছুতেই চাকরি পাচ্ছিলাম না। পরিস্থিতি প্রতিদিন দমবন্ধ হয়ে আসছিল। সব সময় নেগেটিভ লাগত। অবস্থার উন্নতির জন্য আমি মরিয়া হয়ে উঠেছিলাম। এই রকম সময় আমি একটি বড় প্রতিষ্ঠান থেকে ডিসট্যান্স-এ এমবিএ করি।

তারপর অনেক জায়গায় ইন্টারভিউ দিই। কিন্তু কোথাও চাকরি পাইনি। আবার সেই ব্যর্থতা। হতাশ হয়ে পরেছিলাম। তারপর এক আত্মীয়ের পরামর্শে, দমে না গিয়ে ২ বছর ধরে প্রত্যেক সপ্তাহে আমি **কর্মসংস্থান** কাগজটি বাড়িতে রাখা শুরু করলাম। বলতে গেলে পুরো কাগজটাই গিলতাম। ওখানে দেখেই — অনেক সংস্থায় চাকরির জন্য আবেদন করেছিলাম। কিন্তু ঠিকঠাক মতো কিছুই 'ক্লিক' করছিল না। তারপর ওখানেই একদিন জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অবস্থা। তাই যখন সাপ্তাহিক **কর্মসংস্থান** কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ডিসানের প্রফেশনাল ও কাউন্সেলররা ৬ মাসের মধ্যে কোনো ভালো কোম্পানিতে, ভালো মাইনের চাকরি কীভাবে পাব, তার একটা সুনির্দিষ্ট গাইডলাইন প্রথম দিনই সুন্দরভাবে বুঝিয়ে দিয়েছিলেন। ওঁনারা বলেছিলেন, 'আমার ডিগ্রি আছে — কিন্তু ডিরেকশন নেই।' আমি ওঁনাদের কথা মতো ৬ মাসের 'হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)' কোর্সে ভর্তি হই। এখানে মূলত ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। ফলে কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পেতে কোনো অসুবিধাই হয় না। এছাড়াও, এখানকার ট্রেনিংয়ে ESI, PF, Gratuity ও Updated Labour Laws-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যা প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। এইরকম ২ পর্যায়ে প্রফেশনাল ট্রেনিং আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। এখনকার দিনে দাঁড়িয়ে ম্যানেজমেন্টের অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। ম্যান ম্যানেজমেন্টের ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট-এর মতে আগামী বছরের মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৮-২০ হাজার লোক লাগে) প্রায় ৪৪% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির বহুজাতিক সংস্থায় এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এখন সব কোম্পানি-ই HR প্রফেশনালসদের দিয়ে কোম্পানি পরিচালনা করে — যাতে কোম্পানির প্রোডাক্টিভিটি কয়েকশো গুণ বেড়ে যায়। আর ঠিক এই কারণেই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই বিভাগে সেরা ট্রেনিং দেওয়া হয়। এখনও আমার ট্রেনিং চলছে। কিন্তু ইতিমধ্যেই আমি একটি বড় কোম্পানিতে ইন্টার্নশিপ করছি। এখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পাচ্ছি। একথা আমি নির্দ্বিধায় বলতে পারি যে, ৬ মাস আগেও আমি কোনো ভালো কোম্পানিতে চাকরি পাব — একথা ভাবতেই পারতাম না। আমার এই কনফিডেন্স আর কেরিয়ার নিয়ে এই ট্রান্সফরমেশন সবটাই সম্ভব হয়েছে এখানে ট্রেনিং নেওয়ার পর।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয় অর্থাৎ **'Talent Acquisition (HR)'**, এর ওপরেই সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়।ফলে এখান থেকে পাশ করলে চাকরির জন্য বসে থাকতে হয় না। ট্রেনিং শেষে সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা ম্যানেজমেন্ট কোম্পানি, বহুজাতিক সংস্থার (দেশ-বিদেশের) স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড ট্রেনিং মডিউলে ESI, PF, Gratuity এর ওপর আলাদাভাবে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার প্যাওয়া যায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল HR ম্যানেজারকেই ফ্যাকাল্টি হিসাবে নিয়োগ করা হয়। (৬) স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। (৭) সাধ্যের মধ্যে একদম ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

# গ্র্যাজুয়েশনের পর ট্যাক্স কনসালটেন্সি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** অনেকেই চাকরির ঝক্কি-ঝামেলা এড়াতে স্বনির্ভর পেশা বেছে নেওয়াই ঠিক বলে মনে করেন । কিন্তু পেশা বাছার আগে মাথায় রাখতে হবে, তার ভবিষ্যৎ কী? এখন বিভিন্ন আইন আমূল বদলে যাওয়ায় 'অ্যাকাউন্টিং আর ট্যাক্সেশন'-এ কাজের চাহিদা তুঙ্গে। তাই ট্যাক্স কনসালটেন্সি এমনই এক স্বনির্ভর পেশা, যার চাহিদা আগেও ছিল, এখনো আছে আর ভবিষ্যতেও উত্তরোত্তর বাড়বে। ছোটো ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মধ্যবিত্ত সকলেই চান কর দিয়ে শান্তিতে দিন কাটাতে। স্বাভাবিকভাবেই অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়েছে ট্যাক্স কনসালট্যান্ট ও ই-অ্যাকাউন্ট্যান্টদের প্রয়োজনীয়তা। আগে শুধুমাত্র আইনজীবী, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরাই এই কাজ করতেন। কিন্তু এখন সাধারণ গ্র্যাজুয়েটরাও অত্যন্ত দক্ষতার সঙ্গে এই কাজ করছেন।

কোর্স শেষে নিশ্চিত ভবিষ্যৎ
TCE BENGAL TAX COUNSEL
শুধু পড়ায় না শেখায়

এই সংক্রান্ত কাজ করতে গেলে এই দুটি বিষয়ে জ্ঞান থাকা জরুরি : (১) অ্যাকাউন্টস, (২) ট্যাক্স। এই দুটি বিষয়ের ওপর ২৪ বছর ধরে 'প্রফেশনাল সার্টিফিকেট ইন অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন' (পিসিএটি) কোর্স করাচ্ছে এই বিষয়ে রাজ্যের অন্যতম সেরা সংস্থা — বেঙ্গল ট্যাক্স কাউন্সেল। এই কোর্স কারা করতে পারবেন? আইনজীবী তথা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলের অধ্যক্ষ সন্দীপ দত্ত বললেন, 'আইন বা বাণিজ্য শাখার গ্র্যাজুয়েটরা এই কোর্সে ভরতি হতে পারেন। আর অন্য শাখার গ্র্যাজুয়েট হলে, তাঁকে শুধুমাত্র অ্যাকাউন্টস শিখে নিতে হবে, যা এই প্রতিষ্ঠান থেকেও করা যেতে পারে অথবা বাইরে থেকেও শিখে আসতে পারেন। চাকরিজীবীরাও এই কোর্সে ভরতি হতে পারেন। ১ বছরের পিসিএটি কোর্সে জিএসটি, আয়কর, প্রফেশন কর, ইএসআই, প্রভিডেন্ট ফান্ড, ই-টিডিএস, ই-ফাইলিং আর সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার প্যাকেজ অর্থাৎ ট্যালি,প্রাইম শেখানো হয়। সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার ব্যবস্থা আছে। এই কোর্স শেষ করে ট্যাক্স কনসালট্যান্ট হিসাবেও কাজ করতে পারেন।' অল ইন্ডিয়া ট্যাক্সেশন সিস্টেমে ই-ফাইলিং চলে আসায় ট্যাক্স কনসালটেন্ট এবং ই-অ্যাকাউন্ট্যান্টদের চাহিদা এখন আকাশছোঁয়া। সবাই বলেন চাকরি নেই, চাকরি নেই! আমরা বলি, কাজ রয়েছে, কাজ জানা মানুষ নেই। বর্তমানে জনসাধারণ ও ব্যবসায়ী মহল যেভাবে কর প্রদান করার জন্য এগিয়ে আসছেন সেই কারণে অ্যাকাউন্টস এবং ট্যাক্স কনসালট্যান্ট হিসেবে কাজ করার মাধ্যমে এক বিশাল কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। বিকম ও ল'এর সিলেবাসে ট্যাক্স কনসালটেন্সির হাতে-কলমে প্রশিক্ষণের তেমন কোনো সুযোগই থাকে না। কিন্তু, আমরা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলর জোর দিয়েছি ঠিক এই জায়গাতে। এই প্রতিষ্ঠানে পিসিএটি কোর্সে ২ বার ভরতি নেওয়া হয়। এই কোর্সে ভরতি হওয়ার শেষ দিন ৩১ অক্টোবর। মাত্র ১ বছরের মধ্যেই এই প্রফেশনাল কোর্স করে কীভাবে দাঁড়ানো যায়, তা সরাসরি জানতে যোগাযোগ করুন এই নম্বরে ৯৩৩১০৬২৭৩৩, ৯৩৩৯৮২২৫৯১ অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায়: ১১, আনন্দ পালিত রোড, কলকাতা - ৭০০০১৪।

## এক ঝলকে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২ মার্চ :** প্রথম কাশ্মীরি মহিলা হিসাবে, শ্রীনগর সেন্ট্রাল জেলের জেল সুপারিন্টেন্ডেন্ট হিসাবে নিযুক্ত হলেন পুলিশ অফিসার সাবা শাল।

❑ দিল্লির মহিলাদের জন্য ৪টি প্রকল্পের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এর মধ্যে রয়েছে 'লাখপতি বিটিয়া যোজনা', 'সহেলি পিঙ্ক স্মার্ট কার্ড', 'মেরি পুঁজি মেরা অধিকার' আর 'বিনামূল্যে এলপিজি সিলিন্ডার প্রকল্প'। এই প্রকল্পগুলির লক্ষ্য হল মহিলাদের গতিশীলতা, নিরাপত্তা ও অর্থনৈতিক ক্ষমতায়নকে উৎসাহিত করা। 'সহেলি পিঙ্ক স্মার্ট কার্ড' মহিলাদের গণপরিবহণে নির্বিঘ্ন ও সমন্বিত ভ্রমণের সুযোগ দেবে। 'লাখপতি বিটিয়া যোজনা'র অধীনে, একজন মেয়ের নামে কিস্তিতে ৫৬,০০০ টাকা জমা করা হবে, যা ২১ বছর বয়সের মধ্যে সুদ-সহ ১ লাখ টাকার বেশি হতে পারে। 'মেরি পুঁজি মেরা অধিকার' প্রকল্পটি অমীমাংসিত আর্থিক ঋণ নিষ্পত্তি ও নাগরিকদের অর্থনৈতিক অধিকারের স্বচ্ছ পরিপূর্ণতা নিশ্চিত করবে। 'বিনামূল্যে এলপিজি সিলিন্ডার প্রকল্প'এর আওতায়, প্রতি বছর হোলি ও দীপাবলি উপলক্ষ্যে দিল্লিতে রেশনকার্ডধারী পরিবারগুলিকে বিনামূল্যে দু'টি এলপিজি সিলিন্ডার সরবরাহ করা হবে।

❑ একটি দীর্ঘমেয়াদী ইউরেনিয়াম সরবরাহ চুক্তি স্বাক্ষর করল ভারত ও কানাডা। এই চুক্তি অনুযায়ী, ভারতকে ইউরেনিয়াম সরবরাহ করে ভারতের অসামরিক নিউক্লিয়ার রিঅ্যাক্টরের ক্ষেত্রে সাহায্য করবে কানাডা। এই সমঝোতা চুক্তির মূল্য প্রায় ২.৬ বিলিয়ন মার্কিন ডলার ও এটি ১০ বছরের জন্য বৈধ থাকবে। এছাড়াও, অচিরাচরিত শক্তি, সবুজ হাইড্রোজেন, শক্তি সঞ্চয় প্রযুক্তি আর ছোট, মডিউলার নিউক্লিয়ার রিঅ্যাক্টর নিয়েও একসঙ্গে কাজ করবে দুই দেশ। এইসব চুক্তি ভারত ও কানাডার পরিচ্ছন্ন ও নির্ভরযোগ্য জ্বালানি ব্যবহারের প্রতি দায়বদ্ধতার প্রমাণ।

❑ জনস্বাস্থ্য সুরক্ষা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য, ভারত-সহ বিশ্বের ৪০টি দেশ থেকে মুরগি ও ডিম আমদানির ওপর পূর্ণাঙ্গ নিষেধাজ্ঞা জারি করল সৌদি আরব। ভারত ছাড়াও এই তালিকায় রয়েছে বাংলাদেশ, চিন, পাক-ই-স্তান, যুক্তরাজ্য, জাপান, জার্মানি, দক্ষিণ কোরিয়া, মিশর ও মায়ানমারের মতো দেশগুলি। সৌদি আরব কর্তৃপক্ষ জানিয়েছে, অতিমারি বিষয়ক তথ্যের ভিত্তিতে এই দেশগুলির তালিকা নিয়মিত পর্যালোচনা করা হবে ও জনস্বাস্থ্যের ঝুঁকি না কমা পর্যন্ত এই বিধিনিষেধ বহাল থাকবে।

**৩ মার্চ :** এবছর 'ওয়ার্ল্ড ওবেসিটি ফেডারেশন'এর তরফ থেকে প্রকাশিত 'ওয়ার্ল্ড ওবেসিটি অ্যাটলাস' অনুসারে, মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে শৈশবকালীন স্থূলতার ক্ষেত্রে বিশ্বব্যাপী দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। প্রথম স্থানে রয়েছে চিন। ২০২৫ সাল পর্যন্ত তথ্য পর্যালোচনা করে গবেষকরা জানিয়েছেন, ভারতে ৪ কোটি ১০ লাখ শিশুর 'বডি মাস ইনডেক্স' স্বাভাবিকের তুলনায় বেশি ও ১ কোটি ৪০ লাখ শিশু এই মুহূর্তে স্থূলতার শিকার। ২০২৫ সালে ভারতের ৫ থেকে ৯ বছর বয়সি শিশুদের মধ্যে ১৪.৯ মিলিয়ন ও ১০ থেকে ১৯ বছর বয়সি কিশোর-কিশোরীদের মধ্যে ২৬ মিলিয়নেরও বেশি শিশু স্থূলতার সমস্যায় ভুগছিল।

❑ যুক্তরাজ্যের প্রথম দেশ হিসাবে হাইড্রোলাইসিস বা জলীয় দাহ বৈধ ঘোষণা করল স্কটল্যান্ড, যা প্রচলিত কবর বা আগুনে মৃতদেহ দাহ করার বিপরীতে একটি পরিবেশবান্ধব বিকল্প। এই প্রক্রিয়ায় শক্তিশালী ক্ষারীয় দ্রবণে শরীর ভেঙে যায় ও শুধু হাড় থেকে যায়, যা পরে গুঁড়ো করে পরিবারের কাছে দেওয়া হয়। এটি ১৯০২ সালের পর অন্ত্যেষ্টিক্রিয়া আইনে সবথেকে বড় পরিবর্তন। মানুষের ব্যক্তিগত বিশ্বাস ও পরিবেশবান্ধব বিকল্পের চাহিদা মেটাতে এই নতুন পদ্ধতিতে অনুমোদন দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, এরমধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, আয়ারল্যান্ড, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে হাইড্রোলাইসিস বৈধ।

**৬ মার্চ :** কিংডম অফ টোঙ্গায়, ভারতের পরবর্তী হাই কমিশনার হিসাবে নিযুক্ত হলেন সুনীত মেহতা।

❑ ইকুয়েডর প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন অনিতা শুক্লা।

❑ শিশুর জন্মের হার বাড়াতে অর্থনৈতিক সাহায্য ঘোষণা করল অন্ধ্রপ্রদেশ সরকার। দ্বিতীয় ও তৃতীয় সন্তানের ক্ষেত্রে নগদ ২৫ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করল রাজ্যটি। বিধানসভায় এই সংক্রান্ত খসড়া নীতি পেশ করেন রাজ্যের মুখ্যমন্ত্রী এন.চন্দ্রবাবু নাইডু। তিনি জানিয়েছেন, দ্বিতীয় ও তৃতীয় সন্তান নিলে, প্রসবের সময়ই হাতে ২৫ হাজার টাকা করে তুলে দেওয়া হবে। পাশাপাশি, ৫ বছর পর্যন্ত মাসে ১,০০০ টাকা করে দেওয়া হবে তৃতীয় সন্তানকে। ১৮ বছর বয়স পর্যন্ত বিনামূল্যে পড়াশোনার সুযোগ পাবে তৃতীয় সন্তান। এছাড়াও, আইভিএফ করালে মিলবে ভরতুকি।

❑ আমেরিকা মহাদেশের প্রথম দেশ তথা বিশ্বের দ্বিতীয় (জর্ডানের পর) দেশ হিসাবে, 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে জনস্বাস্থ্য সমস্যা হিসাবে কুষ্ঠ রোগ নির্মূলের জন্য আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি পেল চিলি। প্রথম উনবিংশ শতাব্দীর শেষের দিকে চিলিতে কুষ্ঠ রোগ রেকর্ড করা হয়েছিল, মূলত রাপা নুইতে (যা 'ইস্টার দ্বীপ' নামেও পরিচিত)। চিলি এখন বিশ্বব্যাপী ৬১ তম ও আমেরিকা মহাদেশের ষষ্ঠ দেশ, যেখানে অন্তত একটি অবহেলিত গ্রীষ্মমণ্ডলীয় রোগ নির্মূল করা হয়েছে।

**৭ মার্চ :** এবছর 'হারুন গ্লোবাল ধনী তালিকা'য় প্রবেশ করলেন বলিউড অভিনেতা শাহরুখ খান। রিপোর্ট অনুসারে, তাঁর আনুমানিক মোট সম্পদের পরিমাণ ১.৩ বিলিয়ন ডলার। চলচ্চিত্র, ব্যবসায়িক উদ্যোগ ও বিনিয়োগ থেকে তাঁর সম্পদের পরিমাণ তুলে ধরা হয়েছে। ১,১১০ জন বিলিয়নেয়র নিয়ে এই তালিকায় শীর্ষে রয়েছে চিন, ১,০০০ জন বিলিয়নেয়র নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। ৩০৮ জন বিলিয়নেয়র নিয়ে এই তালিকায় তৃতীয় স্থানে রয়েছে ভারত।

❑ প্রথম ভারতীয় হিসাবে, লন্ডনের 'রয়্যাল জিওগ্রাফিক্যাল সোসাইটি'র তরফ থেকে সম্মানজনক সংরক্ষণ পুরস্কারের জন্য নির্বাচিত হলেন বেঙ্গালউরুর সংরক্ষণবিদ তথা 'সেন্টার ফর ওয়াইল্ডলাইফ স্টাডিজ'এর সিইও ড. কৃতি কে. কারান্থ। বন্যপ্রাণী সংরক্ষণে তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে 'এসমন্ড বি মার্টিন রয়্যাল জিওগ্রাফিক্যাল সোসাইটি পুরস্কার'এর যৌথ বিজয়ী হিসাবে ঘোষিত হলেন তিনি। অধ্যাপক আলেকজান্ডার আন্তোনেলি'র সঙ্গে এই পুরস্কার পাচ্ছেন তিনি।

❑ ১৬ বছরের কম বয়সি শিশুদের জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্ত নিল কর্ণাটক সরকার। রাজ্য বাজেট পেশ করার সময় এই ঘোষণা করেন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। শিশুদের মধ্যে মোবাইল ফোনের অতিরিক্ত ব্যবহার ও তার নেতিবাচক প্রভাব ক্রমশ বাড়তে থাকায় এই পদক্ষেপ নেওয়া হয়েছে। এই সিদ্ধান্ত শিশুদের সুস্থ মানসিক ও শারীরিক বিকাশে সহায়ক হবে বলে মনে করা হচ্ছে।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের

**দেশ ও বিদেশে চাকরীর সুযোগ**

TIEM®

# THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT

## HOTEL & HOSPITALITY MANAGEMENT



ADMISSIONS OPEN








Course Approved by Govt. of India | Reg. with MSME Govt. of India | Recognition By HRAEI

২০১৯ থেকে ২০২৬ পর্যন্ত Placement -এ আমরাই সেরা।

### কেন TIEM-এ ভর্তি হবেন?

- ভর্তির সময় ১০০% চাকরির লিখিত গ্যারান্টি।
- AI স্মার্ট ক্লাসরুম এবং সম্পূর্ণ AC ক্যাম্পাস।
- কোর্স করলেই দেশ ও বিদেশে নিশ্চিত চাকরি।
- কোর্স চলাকালীন প্রতি মাসে 8 থেকে 12 হাজার টাকা ইনকামের সুযোগ।
- মাসিক কিস্তিতে কোর্স ফি জমা দেওয়ার সুবিধা।
- SC/ST/OBC এবং ছাত্রীদের জন্য বিশেষ ছাড়ের সুবিধা।
- Free Books & Uniform

100% JOB GUARANTEE

**দুঃস্থ ও মেধাবী ছাত্র-ছাত্রীর জন্য**

**সম্পূর্ণ FREE**

### OUR PLACEMENT IN




HURRY! LIMITED SEATS AVAILABLE

ENROLL NOW

**Kolkata Campus :**
6, Seal's Garden Lane, Kolkata- 700 002 (Near-Dumdum)

**9002469602 / 8697588002**




দেশের শিক্ষাক্ষেত্রের অন্যতম অগ্রণী প্রকাশন সংস্থা ছায়া প্রকাশনী দেখতে দেখতে গৌরবময় ৫০ বছর পার করল। কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫০ বছর ধরে সুনামের সঙ্গে চলা কম কথা নয়। ছায়া প্রকাশনীর সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষ্যে ১৯ জুন একটি বর্ণময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ভারতের প্রাক্তন ক্রিকেটার অধিনায়ক সৌরভ গাঙ্গুলী সহ এস চাঁদ গ্রুপের এক্সিকিউটিভ ডিরেক্টর দীনেশ কুমার ঝুনঝুনওয়ালা, ম্যানেজিং ডিরেক্টর হিমাংশু গুপ্ত, ডিরেক্টর নবীন রাজলানি, সিইও সিপিএল প্রতীক ধানুকা, গ্রুপ সিএফও সৌরভ মিত্র। ছবি : সুফল ভট্টাচার্য।

## চাকরিজীবী

সরকারি চাকরি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান 'চাকরিজীবী'। এখানে ডব্লু.বি.সি.এস., ব্যাঙ্ক, সি.জি.এল., সি.এইচ.এস.এস. ইত্যাদি কোর্সে ভরতি চলছে। সরাসরি ভরতির ও কাউন্সেলিংয়ের জন্য 'কর্মসংস্থান' আয়োজিত বারাসাতের 'কেরিয়ার ফেয়ার'এ আমরা আসছি ২৩ ও ২৪ জুন। যোগাযোগ : 8902356967.

## ২,০০৬ মহিলা পুলিশ নিয়োগ

১ পাতার পর

১,০০৩টি করে মোট ২,০০৬ জন মহিলা পুলিশ নিয়োগ করা হবে। এর মধ্যে শূন্যপদ আছে লেডি কনস্টেবল পদে ৬৭০টি, পুলিশ ড্রাইভার পদে ৬৪টি, লেডি সাব-ইন্সপেক্টর ৪৩টি, লেডি ইন্সপেক্টর ১৯টি, লেডি অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর ১৪৬টি, গ্রুপ-ডি স্টাফ ২৭টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৫টি, কর্মবন্ধু (চুক্তিভিত্তিক) ৬টি-সহ বিভিন্ন পদে। এইসব পদে নতুন করে দরখাস্ত নেওয়া হবে। খুব শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে।

## Mukherjee Management Consultancy

এটি একটি নামী কনসালট্যান্সি সংস্থা। নিজের কেরিয়ার তৈরির মূল্যবান পরামর্শ পেতে হলে এখানে আসতেই হবে। এখানে MAT, CAT, XAT, CUET, CLAT, LLB এন্ট্রান্স টেস্টের কোচিং দেওয়া হয়। সেই সঙ্গে কেরিয়ার কাউন্সেলিং, সাইকোমেট্রিক অ্যাসেসমেন্ট টেস্ট, করানো হয়। 'কর্মসংস্থান' পত্রিকা আয়োজিত বারাসাতের 'কেরিয়ার ফেয়ার'এ আমরা আসছি ২৩ ও ২৪ জুন। যোগাযোগ : 8013041418.

## ১ লাখ শূন্যপদ পূরণ

১ পাতার পর

এছাড়াও অর্থমন্ত্রী জানান, নিয়োগ সংস্থাগুলিকে ঢেলে সাজানো হবে। পি.এস.সি.'র মতো সংস্থাগুলিকে আধুনিকীকরণ করা হবে। অর্থমন্ত্রী জানান, দুর্নীতিমুক্ত প্রশাসন গঠনে দায়বদ্ধ সরকার।

অন্যদিকে, রাজ্য সরকারি চাকরিতে বয়স ৫ বছর বাড়ানো হয়েছে। এই উর্দ্ধসীমা আগামী ২ বছরের জন্য বহাল থাকবে। আই.আই.টি., জে.ই.ই., এন.ই.ই.টি, ক্যাট, সিভিল সার্ভিস পরীক্ষার মতো প্রতিযোগিতামূলক পরীক্ষার ক্ষেত্রে প্রতিটি জেলায় বিনামূল্যে স্কিল ডেভলেপমেন্ট সেন্টার তৈরি হবে।

## চাকরির টুকরো খবরাখবর

### দিল্লি পুলিশের কনস্টেবল পদের ফল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের দিল্লি পুলিশের কনস্টেবল (এক্সিকিউটিভ) পদের যে সি.বি.টি. টেস্ট গত বছর ১৮ ডিসেম্বর থেকে ৬ জানুয়ারি হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

### স্টাফ সিলেকশন কমিশনের ফল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের স্টেনোগ্রাফার গ্রেড সি ও গ্রেড -ডি পদের ফল বেরিয়েছে। সফলদের চূড়ান্ত তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

তুলসীর সরকারি চাকরির সেরা বই
TULSHIR PRIMARY TET HANDBOOK & PRACTICE SET, TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK & PRACTICE SET (SCIENCE ও ARTS) এবং তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ)
তুলসীর গ্রাম পঞ্চায়েত হ্যান্ডবুক ও প্র্যাকটিস সেট.
TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET
এ ছাড়া সংবিধান, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, সাধারণ বিজ্ঞান, গণিত ও ইংরেজি বিষয়ের আলাদা আলাদা বইগুলি সমস্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য উপযুক্ত।
Tulshi Publishing
9903210844 /8100480354

## ICE Academy

সরকারি চাকরিতে প্রচুর শূন্যপদ। সেরা প্রশিক্ষকদের তত্ত্বাবধানে ভরতি চলছে WBCS, SSC, Rail, Bank, TET, কম্বাইন্ড কোর্স। সরাসরি ভরতির ও কাউন্সেলিংয়ের জন্য 'কর্মসংস্থান' পত্রিকা আয়োজিত বারাসাতের 'কেরিয়ার ফেয়ার'এ আমরা আসছি ২৩ ও ২৪ জুন। যোগাযোগ : 9804412898.

## Fast Track Competitive Academy

সরকারি চাকরিতে জোয়ার এসেছে। এখানে CGL, WBCS, Pre-UPSC, General Combined, Panchauyat, Police, Mock Test, Mock Interview, TET এর ব্যাচে ভরতি চলছে। 'কর্মসংস্থান' পত্রিকা আয়োজিত বারাসাতের 'কেরিয়ার ফেয়ার'এ আমরা আসছি ২৩ ও ২৪ জুন। যোগাযোগ : 9433327850.

Join BNG
Hotel Management Institute, Kolkata
World's Most Popular and Job Oriented Course




HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| PROGRAM DURATION | TOTAL FEE | FEE AFTER SCHOLARSHIP |
| --- | --- | --- |
| 1 Year (Learn & Earn From Day 1) | ₹ 50,000/- | Pay ONLY ₹ 5,000/- |

BARBEQUE NATION Direct Job
BNG HOTEL MANAGEMENT INSTITUTE
আসন সীমিত, আজই যোগাযোগ করুন:
96740 62259 / 98307 96307
ক্যাম্পাস : সেক্টর V সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ - কোল ভবন।
W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +9198307 96307 | Toll Free : 1800 891 1508

RICE ADAMAS GROUP
পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে লক্ষাধিক শূন্যপদে শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হতে চলেছে। স্বপ্নকে সত্যি করার এটিই সুবর্ণ সুযোগ।
মহিলা চাকরিপ্রার্থী দের জন্য দারুণ সুযোগ। রাজ্য সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩% সংরক্ষণের ঘোষণা।
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতাসম্পন্ন RICE Education-ই পারে তোমার বহু প্রতীক্ষিত এই স্বপ্নপূরণের কান্ডারি হতে।

WBP, WBPSC, WBSSC, WB Group D ও WB Police সহ একাধিক সরকারি দপ্তরে শীঘ্রই নিয়োগ প্রক্রিয়া শুরু হতে চলেছে।
SBI PO 2026 Notification Out! 1500 Vacancies Announced
"দীর্ঘমেয়াদি পরিকল্পনা, সঠিক গাইডেন্স ও নিরন্তর প্রস্তুতিই সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের একমাত্র চাবিকাঠি।"
Classroom | Residential
IAS | WBCS | PSC | SSC
Rail | Police | Bank | Insurance

অনুষ্ঠিত হতে চলেছে RICE Education-এর ১৬ তম সমাবর্তন উৎসব। পুরস্কৃত করা হবে বিগত দুবছরে কেন্দ্র ও রাজ্য সরকারের নানা দপ্তরে চাকরিপ্রাপ্ত RICE Education-এর সফল ছাত্রছাত্রীদের।
RICE Education-এর বিগত ১৫ তম সমাবর্তন উৎসবে সেরা পুরস্কারে সম্মানিত দুজন ছাত্র-ছাত্রী



WBCS-2021 Group A Executive পদে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ স্বপ্নীল হালদার-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়


SSC-CGL 2021-পরীক্ষায় অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ রিয়া দত্ত-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়

RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next batch starts in July 2026
Helpline: 62921 90230
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

RICE EDUCATION
১৬তম সমাবর্তন উৎসব
২০২৬
নক্ষত্র সমাবেশে সাফল্যের উদযাপন
কেন্দ্র ও রাজ্য সরকারি চাকরিতে সদ্য নিযুক্ত RICE Education-এর হাজার হাজার সফল ছাত্র-ছাত্রীদের সমাবর্তন উৎসব
তারিখ : ২৮ জুন ২০২৬, রবিবার
সময় : সকাল ১০টা
স্থান : বিশ্ব বাংলা এক্সিবিশন সেন্টার, হল - বি
সেরা সাফল্যের সেরা উপহার
কে কে পাচ্ছেন নতুন দুটি গাড়ি?
কাউন্টডাউন শুরু...
সরকারি চাকরিরত RICE-এর ছাত্রছাত্রীদের Online Registration দ্বারা নাম নথিভুক্ত করতে অনুরোধ জানানো হচ্ছে।
Scan to Register
For any assistance call 62921 90230
Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com